

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ভিসি'র বাসভবন ঘেরাও

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : বিভিন্ন জাতীয় দিবস পালনে তাম্বিল্যতা এবং প্রশাসনিক কিছু বিতর্কিত সিদ্ধান্তের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল (সোমবার) ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুত্তাফিঙ্গুর রহমানের বাসভবন ঘেরাও করে ভিসির নিকট একটি স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে ৭ দফা দাবী উল্লেখ করে তা আগামী ২ মার্চের মধ্যে বাস্তবায়নের আন্টিমেটাম দিয়েছে। উক্ত সময়ের মধ্যে দাবীসমূহ বাস্তবায়ন না হলে পরবর্তীতে বৃহত্তর কর্মসূচী ঘোষণা করবে বলে জানিয়েছে। ভিসি প্রফেসর মুত্তাফিঙ্গুর রহমান স্মারকলিপিতে উল্লেখিত দাবীসমূহ বিবেচনা করার আশ্বাস দিয়েছেন বলে জানা গেছে। এদিকে সম্প্রতি ক্যাম্পাসের উচ্চত পরিষ্কার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সূত্রের বরাতে দিয়ে জনসংযোগ অফিস গত সোমবার এক বিবৃতি প্রদান করেছে। লিখিত বিবৃতিতে বলা হয়েছে, ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফরন শান্তি পূর্ণ পরিবেশ বিরাজ করছে গ্রীক সেই মুহুর্তে কতিপয় ছাত্র ভিসিসহ প্রশাসনের বিরুদ্ধে বিদ্রোহিতকর অভিযোচনা করে। ক্যাম্পাসে বিশৃঙ্খলা সৃষ্টির পাত্তা করা হয়েছে।